

টাবি অধ্যাপক নাদির জুনাইদের অস্ট্রেলিয়ান এ্যাওয়ার্ড লাভ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার। অস্ট্রেলিয়ান বিশ্ববিদ্যালয়ের স্নাতকদের মধ্যে কর্মক্ষেত্রে আকর্ষণীয় সাফল্যের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক ড. নাদির জুনাইদ অস্ট্রেলিয়ান এ্যালামনাই এক্সিলেন্স এ্যাওয়ার্ড ২০১৫ লাভ করেছেন। অস্ট্রেলিয়া সরকার এন্ডেভার স্কলারশিপ অ্যান্ড ফেলোশিপ প্রোগ্রামের আওতায় এই পুরস্কার দিয়ে থাকে। বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, মঙ্গলবার সন্ধ্যায় ঢাকার ওয়েস্টিন হোটেলে অস্ট্রেলিয়ান হাইকমিশন আয়োজিত এক অনুষ্ঠানে ড. জুনাইদের হাতে আনুষ্ঠানিকভাবে এই পুরস্কার তুলে দেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক এ কে আজাদ চৌধুরী। এ সময় উপস্থিত ছিলেন ঢাকায় নিযুক্ত অস্ট্রেলীয় হাইকমিশনার গ্রেগ উইলকক। এ্যাাকাডেমিক সাফল্যের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে তিনটি স্নাতকপত্র অর্জন করেছেন ড. জুনাইদ। কমনওয়েলথ স্কলার হিসেবে কিংস কলেজ, ইউনিভার্সিটি অব লন্ডন থেকে এমএ ডিগ্রি এবং অস্ট্রেলিয়া সরকারের এন্ডেভার স্কলারশিপ প্রাপ্তির মাধ্যমে ইউনিভার্সিটি অব নিউ সাউথ ওয়েল্‌স, সিডনি থেকে পিএইচডি করেছেন।